মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩৪৭(অংশ-৮).২০২২- ৯২০৭/২

তারিখ: ২০/১১/২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগযোগ্য রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতনস্কেল (জাঃ বেঃ স্কেঃ-২০১৫) | পদের সংখ্যা | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | পাইলট | গ্রেড-৬ষ্ঠ<br>৩৫,৫০০-৬৭,০১০/- | ০২ | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় মেট Foreign Going (F,G) ডিগ্রী অথবা সমুদ্রগামী জাহাজে কমান্ডিং অফিসার হিসাবে এক বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২. | একান্ত সচিব | গ্রেড-৯ম<br>২২,০০০-৫৩,০৬০/- | ০১ | ক) কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>খ) সরকারী/আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন। |
| ৩. | সহকারী প্রকৌশলী (তড়িৎ) | গ্রেড-৯ম<br>২২,০০০-৫৩,০৬০/- | ০১ | কমপক্ষে তড়িৎ প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ৪. | সহকারী প্রকৌশলী (সিঃ ও হাঃ) | গ্রেড-৯ম<br>২২,০০০-৫৩,০৬০/- | ০৫ | প্রকৌশল (পুর)-এ স্নাতক ডিগ্রী। |
| ৫. | হিসাব রক্ষণ কর্মকর্তা | গ্রেড-৯ম<br>২২,০০০-৫৩,০৬০/- | ০২ | হিসাব বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা এ্যাকাউন্টিং-এ মেজর সহ এম, বি, এ। |
| ৬. | উপ-সহকারী প্রকৌশলী | গ্রেড-১০ম<br>১৬,০০০-৩৮,৬৪০/- | ০২ | কমপক্ষে পুর প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ৭. | ইনল্যান্ড ইঞ্জিনিয়ার | গ্রেড-১১তম<br>১২,৫০০-৩০,২৩০/- | ০২ | ইনল্যান্ড ইঞ্জিনিয়ার সনদপত্র প্রাপ্ত হইতে হইবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮. | সহকারী শিক্ষক (প্রশিক্ষণবিহীন) | গ্রেড-১১তম<br>১২,৫০০-৩০,২৩০/- | ০৩ | কমপক্ষে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯. | নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬তম<br>৯,৩০০-২২,৪৯০/- | ১৫ | কমপক্ষে এইচ,এস,সি পাসসহ বাংলা ও ইংরেজী টাইপে ট্রেড সার্টিফিকেটসহ সরকারী কর্তৃক নির্ধারিত গতি থাকিতে হইবে। |
| ১০. | গাড়ী/যানবাহন চালক | গ্রেড-১৬তম<br>৯,৩০০-২২,৪৯০/- | ০২ | ৮ম শ্রেণী পাস ড্রাইভিং লাইসেন্সসহ ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

শর্তাবলিঃ

০১। প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন ঠিকানাঃ www.mpajobsbd.com। অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ২৭-১১-২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা এবং শেষ সময় ১৩-১২-২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ ঘটিকা।

০২। উল্লিখিত পদসমূহে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করতে হবে।

০৩। (ক) প্রার্থীর বয়সসীমা ২৭-১১-২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার সন্তানাদির ক্ষেত্রে বয়সসীমা ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধা বা শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(খ) ১ নং ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বৎসর।

(গ) ২ থেকে ১০ নং ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বৎসর।

(ঘ) বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক সফলভাবে সাবমিট করার পর ফাইনাল কম্পিউটার প্রিন্ট আউট কপির সাথে মোংলা বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে **১ নং থেকে ৫নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৬০০/- (ছয়শত) টাকা, ৬নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, ৭নং থেকে ৮নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা এবং ৯ নং থেকে ১০ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা** পে- অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা-৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর ২৮-১২-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

০৫। আবেদনকারী অনলাইন আবেদনের ০১ টি কপি সংরক্ষণ করবে। অনলাইন আবেদন ফরমপূরণ ব্যতিরেকে স্বহস্তে পূরণকৃত আবেদন গ্রহণ করা হবে না। আবেদনপত্র ডাকযোগে অথবা কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৬। সংশ্লিষ্ট সকল সনদপত্রের (যদি থাকে) মূল সনদ ও ০১ কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) এবং অভিজ্ঞতার সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ফটোকপি মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে।

০৭। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। অনলাইন আবেদনপত্রের ১৭ ও ১৮ নং সারিতে অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ও অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) পরিপূর্ণভাবে উল্লেখ করতে হবে।

০৮। যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি মবক এর ওয়েব সাইট- www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে। www.mpajobsbd.com থেকে প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষার সময় সাথে আনতে হবে।

০৯। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। সরকারি ও অন্যান্য সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। সরকারি ছাড়পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে সন্তোষজনক প্রাক-পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি, এ/ ডি, এ প্রদান করা হবে না।

১৪। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৫। অনলাইন আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীণ হলে ১৩-১২-২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত msoftbd@gmail.com ঠিকানায় যোগাযোগ করা যাবে।

১৬। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

28/11/2022

মোঃ শাহীনুর আলম
(উপসচিব)
পরিচালক (প্রশাসন)
মোংলা বন্দর কর্তৃপক্ষ